# বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ ফেডারেশন কেন্দ্রীয় কমিটি।

অস্থায়ী কার্যালয়,৮/২,পশ্চিম কাফরুল,শেরে- ই বাংলা,আগারগাও-ঢাকা-১২০৭

বরাবর,

সভাপতি/সাধারন সম্পাদক
বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ ফেডারেশন
কেন্দ্রীয় কমিটি
ঢাকা।

অদ্য ২০/০৮/২০২৫ ইং তারিখ রোজ বুধবার বিকাল ৫.১০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ ফেডারেশনের ৯ম পে স্কেলের দাবি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত আহ্বায়ক কমিটির এক জরুরী সভা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর,তেজগাঁও ,ঢাকার কর্মচারি সমিতির অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সকল সদস্য ও অন্যান্য কর্মচারীদের সাথে আলোচনা পূর্বক ৬ সদস্য বিশিষ্ঠ পরিবারের জীবন যাত্রার ব্যায় দ্রব্যমূল্যর উর্ধ্বগতির সাথে তাল মিলিয়ে চলার নিমিত্তে নিম্নলিখিত দাবিগুলো চূড়ান্ত আকারে ফেডারেশন কেন্দ্রীয় কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

## দাবি সমুহ নিম্নরুপঃ-

১। ১:৪ অনুপাতে সর্বনিম্ন স্কেল ৩৫,০০০ টাকা এবং সর্বোচ্চ স্কেল ১৪০,০০০ টাকা করার দাবি করছি।
(ব্যাখা- ২০২০ সালে এবং ২০২৫ সালে দুটি বেতন স্কেল অতিবাহতি)

২। দীর্ঘদিন থেকে চলে আসা বৈষম্য দুর করতে বেতন গ্রেড ২০টি থেকে কমিয়ে ১২টি করার দাবি করছি, গ্রেড সমুহ নিম্নরুপ ঃ-

| | | |
|---|---|---|
| ১ম গ্রেড | =১৪০,০০০টাকা | (নির্ধারিত) - পূর্বের ১ নং গ্রেড |
| ২য় গ্রেড | =১২৫,০০০ টাকা | (পূর্বের ২ নং গ্রেড ) |
| ৩য় গ্রেড | =১১০,০০০ টাকা- | (পূর্বের ৩ নং গ্রেড ) |
| ৪র্থ গ্রেড | =৯৫০০০ টাকা | (পূর্বের ৪ নং গ্রেড ) |
| ৫ম গ্রেড | =৮০,০০০ টাকা | ( পূর্বের ৫ নং গ্রেড) |
| ৬ষ্ঠ গ্রেড | =৭৫,০০০ টাকা | (পূর্বের ৬ নং গ্রেড) |
| ৭ম গ্রেড | =৭০,০০০ টাকা | (পূর্বের ৭ নং গ্রেড) |
| ৮ম গ্রেড | =৬৫,০০০ টাকা- | (পূর্বের ৮+৯ নং গ্রেড) |
| ৯ম গ্রেড | =৬০,০০০ টাকা পূর্বের | ( ১০+১১ নং গ্রেড ) |
| ১০ম গ্রেড | =৫০,০০০ টাকা পূর্বের | ( ১২+১৩+১৪ নং গ্রেড) |
| ১১তম গ্রেড | =৪২,০০০ টাকা পূর্বের | (১৫+১৬+১৭ নং গ্রেড) |
| ১২ তম গ্রেড | =৩৫,০০০ টাকা পূর্বেও | (১৮+১৯+২০ নং গ্রেড ) |

চলমান পাতা ০২

# বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ ফেডারেশন কেন্দ্রীয় কমিটি।

অস্থায়ী কার্যালয়,৮/২,পশ্চিম কাফরুল,শেরে- ই বাংলা,আগাড়গাও-ঢাকা-১২০৭

৩। অন্যান্য ভাতা সমুহ নিম্নরুপ-

বাড়ি ভাড়া ভাতা = ঢাকা মহানগরে মূল বেতনের ৮০%

=বিভাগীয় শহরে ৭০%

=জেলা শহরে ৬৫%

=উপজেলা/থানা শহরে ৬০%

৪। চিকিৎসা ভাতা ঃ ১০,০০০ টাকা দাবি করছি (ব্যাখা- বর্তমানে একজন চিকিৎসকের ফি ১৫০০-২০০০টাকা।রিপোর্ট দেখানো ফি ৫০০ টাকা, একজন রোগীকে রোগ নির্নয়ের জন্য পরীক্ষা নীরিক্ষা করতে কম পক্ষে ৫-৬ হাজার টাকা লাগে। ( ৬ সদস্য বিশিষ্ট পরিবারের চিকিৎসা ব্যায় হিসাব ধরা হয়েছে)।

৫। শিক্ষা ভাতা ঃ এক সন্তানের জন্য ৩০০০ টাকা এবং ২ সন্তানের জন্য ৬০০০ টাকা।

৬। যাতায়াত ভাতা ঃ ৩০০০ টাকা

৭। টিফিন /লাঞ্চভাতা ঃ দৈনিক ১৫০ টাকা হারে দাবি করছি।

৮। ধোলাই ভাতা ঃ ৬০০ টাকা

৯। শ্রান্তি বিনোদন ভাতা ৩ বছরের পরিবর্তে ২ বছরে প্রদানের দাবি করছি।

১০। পূর্বের ন্যায় ৩ টা টাইম স্কেল ও ১টা সিলেকশন গ্রেড পুন:বহালের দাবি করছি।

১১। বার্ষিক বেতন বৃদ্ধি ৫% এর পরিবর্তে ২০% করার দাবি করছি।

১২। পাহারী ভাতা ৪০% এবং উপকূলীয় ভাতা ৩০% করার দাবি করছি।

১৩। ঝুকি ভাতাঃ সংক্রামক ব্যাধী,বক্ষ্যব্যাধী ,কুষ্ঠ, ক্যানসার হাসপাতাল,রেডিয়েশন নিয়ে কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ন্যায় আবহাওয়া অফিস,বিদ্যুৎ অফিসে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ঝুকি ভাতার আওতায় এনে ৭৫০ টাকা থেকে বাড়িয়ে ১৫০০ টাকায় বৃদ্ধি করার দাবি করছি।

১৪। পেনশন ৯০% এর পরিবর্তে ১০০% এবং আনুতোষিকের হার ২৩০ টাকার পরিবর্তে ৫০০ টাকায় বৃদ্ধি করার দাবি করছি।

১৫। পেনশনারদের চিকিৎসা ভাতা ২৫০০ টাকা থেকে বাড়িয়ে ১০,০০০ টাকা করার দাবি করছি।

১৬। অবসরে গমনের ২ বছরের মধ্যে অবসর প্রাপ্ত ব্যাক্তি মারা গেলে কর্তন কৃত ৫০% উত্তোরাধিকারিদের নিয়মানুযায়ী এক কালীন পরিশোধ করতে হবে।

১৭। ৫ বছর পুর্তিতে অবসর গমনে বিদ্যমান ৩২% এর পরিবর্তে ৫০% করার দাবি করছি।

১৮। যে সকল কর্মচারী অফিস ড্রেস পায় তাদের গ্রেড ভিত্তিক প্রাপ্যতা অনুযায়ী পোশাকের টাকা বেতনের সাথে যুক্ত করার দাবি করছি( পোশাক নিয়ে অনিয়ম বন্ধ করার জন্য এই দাবি)

১৯। প্রতিরক্ষা মন্ত্রনালয়ের ন্যায় রেশন পদ্ধতি চালু করার দাবি করছি।

২০। বৈশাখী ভাতা ২০% এর পরিবর্তে মূল বেতনের ৫০% হারে প্রদানের দাবি করছি।

২১। চাকরি হতে অবসর গ্রহনের বয়স সীমা ৫৯ বছর থেকে বাড়িয়ে ৬২ বছর করার দাবি করছি (মানুষের বার্ষিক গড় আয়ু বৃদ্ধি এবং পার্শবর্তী দেশের সাথে মিল রেখে বয়স বৃদ্ধির দাবি করা হয়েছে)

২২। পূর্বের ন্যায় সার্ভিস বেনিফিট বহাল রাখতে হবে( কারন চাকরিতে সার্ভিস বেনিফিট না থাকলে সিনিয়র জুনিরের বেতন সমান হয়ে যায় এবং অনেকাংশে দেখা যায় জুনিয়র কর্মচারীর বেতন বেশি হয়ে যায়)

২৩। ফ্ল্যাট ক্রয়/গৃহনির্মানের জন্য সহজ ৫% এর পরিবর্তে ০২% সুদে সহজ শর্তে, সহজ কিস্তিতে এবং কর্মচারীদের সামার্থ অনুযায়ী কিস্তি কর্তনের সুযোগ রেখে গ্রেড ভিত্তিক কমপক্ষে ৪০-৮০ লক্ষ্য টাকা গৃহলোনের ব্যাবস্থা করতে হবে এবং সেই সাথে চাকরিকালীন সময়ের মধ্যে কিস্তি পরিশোধ না হলে পেনশন থেকে কর্তনের সুযোগ রাখার জোর দাবি করছি।

চলমান পাত ।০৩

# বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ ফেডারেশন কেন্দ্রীয় কমিটি।

অস্থায়ী কার্যালয়,৮/২,পশ্চিম কাফরুল,শেরে- ই বাংলা,আগারগাঁও-ঢাকা-১২০৭

এমতাবস্থায়, আহ্বায়ক কমিটি কর্তৃক জাতীয় বেতন স্কেল/২০২৫ এর খসড়া প্রস্তাব সদয় অনুমোদনের পেশ করা হলো।

(ইসহাক রেজাউল কবির)
আহ্বায়ক

(মোঃ জাকির হোসেন)
সদস্য সচিব

(মোঃ রফিকুল ইসলাম)
সদস্য

(মোঃ আবুল হাসেম শাকি)
সদস্য

(আবদুল মালেক)
সদস্য

(আবদুল্লাহ আল মামুন ভূঁইয়া)
সদস্য

(মোঃ তারেক হাসান)
সদস্য

(শারমীন আক্তার)
সদস্য

(আফরোজা বেগম)
সদস্য